# স্থিতিশীল নুর, তবে একাধিক আঘাতে ঝুঁকি দীর্ঘমেয়াদী জটিলতার



সংগৃহীত ছবি

গণঅধিকার পরিষদের সভাপতি ও সাবেক ডাকসু ভিপি নুরুল হক নুরের শারীরিক অবস্থা বর্তমানে কিছুটা স্থিতিশীল হলেও একাধিক আঘাতের কারণে দীর্ঘমেয়াদী জটিলতা ও তীব্র ব্যথার আশঙ্কা দেখা দিয়েছে। চিকিৎসকরা বলছেন, তার পূর্ণ বিশ্রাম ও উন্নত চিকিৎসা জরুরি।

গণঅধিকার পরিষদের গণমাধ্যম সমন্বয়ক আবু হানিফ জানিয়েছেন, নুরুল হক নুরের ব্যক্তিগত চিকিৎসক ডা. সাজ্জাদ হোসেন রাসেলের তত্ত্বাবধানে বর্তমানে তার চিকিৎসা চলছে। মাথা ও মুখ ছাড়াও শরীরের বিভিন্ন অংশে গুরুতর আঘাতের কারণে দীর্ঘমেয়াদী জটিলতা দেখা দেওয়ার আশঙ্কা রয়েছে।

ডা. সাজ্জাদ বলেন, "বারবার আঘাতের পরও বয়স ও শারীরিক সক্ষমতার কারণে নুরের শরীর আপাতত সহ্য করতে পারছে, যা আল্লাহর অশেষ রহমত। তবে আঘাতের প্রভাবে ভবিষ্যতে নানা জটিলতা তৈরি হতে পারে। বর্তমানে তাকে তীব্র ব্যথা সহ্য করতে হচ্ছে এবং পূর্ণ বিশ্রাম অপরিহার্য।"

চিকিৎসক আরও জানান, বিভিন্ন পরীক্ষায় দেখা যাচ্ছে শরীরের নানা অংশে আঘাতজনিত সমস্যা রয়েছে। এজন্য ঘনিষ্ঠ পর্যবেক্ষণ, উন্নত চিকিৎসা ও নিয়মিত ফলোআপ প্রয়োজন হতে পারে।

উল্লেখ্য, গত ২৯ আগস্ট রাজধানীর বিজয়নগরে জাতীয় পার্টি ও গণঅধিকার পরিষদের সংঘর্ষে গুরুতর আহত হন নুর। প্রথমে তাকে ইসলামী ব্যাংক হাসপাতালে ভর্তি করা হয়, পরে ঢামেক হাসপাতালে স্থানান্তর করা হয়। আইসিইউতে থাকার পর বর্তমানে তিনি কেবিনে চিকিৎসাধীন।

নুরের পরিবার জানিয়েছে, তার দীর্ঘমেয়াদী সুস্থতার জন্য ধৈর্য, সহানুভূতি ও সবার দোয়া এখন অত্যন্ত প্রয়োজন।

LENS ASIA